

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩২৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ উম্মু হাবীবাহ রাদ্বিয়াল্লাহু আনহার বক্তব্য "যখন তাতে কোন নাপাকি না দেখতেন" এর দ্বারা উদ্দেশ্যে বীর্য নয়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَ أُمِّ حَبِيبَةَ: إِذَا لَمْ يَرَ فِيهِ أَذًى أَرَادَتْ بِهِ غَيْرَ المني

## আরবী

2326 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ أَسْمَاءَ قَالَ: حَدَّثَنَا مَهْدِيُّ بْنُ مَيْمُونِ قَالَ: حَدَّثَنَا وَاصِلُ الْأَحْدَبُ عَنْ إِبْرَاهِيمَ النَّخَعِيِّ عَنِ قَالَ: حَدَّثَنَا وَاصِلُ الْأَحْدَبُ عَنْ إِبْرَاهِيمَ النَّخَعِيِّ عَنِ الْأَسْوَدِ بْنِ يَزِيدَ قَالَ: رَأَتْنِي عَائِشةُ أَعْسِلُ أَثَرَ الْجَنَابَةِ أَصَابَ ثَوْبِي فَقَالَتْ: مَا هَذَا؟ الْأَسُودِ بْنِ يَزِيدَ قَالَ: رَأَتْنِي عَائِشةُ أَعْسِلُ أَثَرَ الْجَنَابَةِ أَصَابَ ثَوْبِي فَقَالَتْ: مَا هَذَا؟ فَقُلْتُ: أَثُنُ جَنَابةٍ أَصَابَ ثَوْبِي فَقَالَتْ: لَقَدْ رأيتُني وَإِنَّهُ لَيُصِيبُ ثوبَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَمَا يَزِيدُ عَلَى أَنْ يَقُولَ: هكذا يفرُكُهُ.

الراوي: الْأَسْوَد بْن يَزِيدَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2326 ا خلاصة حكم المحدث: صحيح \_ ((صحيح سنن ابن ماجه)) (537): م (1/ 164).

## বাংলা

২৩২৬. আসওয়াদ বিন ইয়াযিদ থেকে বর্ণিত, তিনি বলেন, "একবার আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা আমাকে দেখেন যে, আমি আমার কাপড় থেকে নাপাকির চিহ্ন ধৌত করছি, যা আমার কাপড়ে লেগেছিল, তখন তিনি আমাকে বলেন, "এটা কী?" আমি বললাম, "নাপাকির চিহ্ন, যা আমার কাপড়ে লেগেছিল।" তখন তিনি বলেন, "আমি তো দেখেছি যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাপড়ে নাপাকি লাগলে, তিনি হাত দিয়ে তা খুঁচিয়ে তোলা ছাড়া আর বেশি কিছু করতেন না।"[1]

## ফটনোট

[1] সহীহ মুসলিম: ২৮৮; সহীহ ইবনু খুযাইমাহ: ২৮৮ নাসাঈ: ১/১৫৭; ইবনু মাজাহ: ৫৩৯।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ সুনান ইবনু মাজাহ: ৫৩৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আসওয়াদ ইবনে ইয়াযীদ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন